



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
যাকাত বোর্ড
(ইসলামিক ফাউন্ডেশন ডবন)
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।



যাকাত ফান্ড বিভাগের শুরু থেকে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত কার্যক্রমের প্রতিবেদন :

১৯৮২ সালের ৫ জুন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এক অধ্যাদেশ বলে যাকাত ফান্ড গঠন করেন এবং এ ফান্ড পরিচালনার জন্য উক্ত অধ্যাদেশে ১৩ সদস্য বিশিষ্ট যাকাত বোর্ড গঠন করা হয়। বোর্ড-এর সিদ্ধান্তসমূহ সদস্য-সচিব তথা ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক যথানিয়মে বাসআবায়ন করে থাকেন। যাকাত ফান্ড অর্ডিন্যান্স অনুযায়ী ১৯৮২ সাল থেকে ৬৪ জেলায় বিত্তবানদের নিকট হতে সংগৃহীত মোট অর্থের ৭০% অর্থ সরাসরি জেলা যাকাত কমিটির মাধ্যমে গরীব ও অসহায়দের মধ্যে বিতরণ করা হয়। জেলা যাকাত কমিটি যাকাত আদায় ও বিতরণ কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করে থাকেন। তাছাড়া, আর্থিক সাহায্য প্রাপ্তির জন্য যারা যাকাত বোর্ড কার্যালয়ে আবেদন করে থাকেন, তাদের আবেদনসমূহ সংশ্লিষ্ট জেলা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক জেলা যাকাত কমিটির মাধ্যমেই বিতরণের জন্য প্রধান কার্যালয় হতে অর্থ প্রেরণ করা হয়ে থাকে। যাকাত ফান্ডের একটা নির্ধারিত পরিমাণ অর্থ দ্বারা টঞ্জী যাকাত বোর্ড শিশু হাসপাতালে শিশুদের চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। যাকাতের অর্থ বিভিন্ন জেলায় ২৪টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

২. ১৯৮২ সাল থেকে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত যাকাত বোর্ড কর্তৃক গৃহীত কার্যক্রমের মাধ্যমে ব্যয়িত অর্থের পরিমাণ ৩৪,৭০,৪৭,৮০০/- টাকা, উপকারভোগীর সংখ্যা ৯,৪৩,৩১০ জন। যাকাত ফান্ডের সংগৃহীত অর্থ দ্বারা পরিচালিত কার্যক্রম সমূহ নিম্নরূপ :

- (১) যাকাত বোর্ড শিশু হাসপাতাল : এ কার্যক্রমের আওতায় টঞ্জীস্থ শিশু হাসপাতাল পরিচালনার মাধ্যমে দুঃস্থ শিশুদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়। ১৯৮৪ সাল থেকে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত দুঃস্থ শিশুদের চিকিৎসা বাবদ ব্যয় হয়েছে ১,৫৪,০২,০০০/- টাকা এবং উপকারভোগীর সংখ্যা ৮,৩৫,১৬০ জন।
- (২) সেলাই প্রশিক্ষণার্থী দুঃস্থ মহিলাদের যাকাত ভাতা : ২০১৩-১৪ অর্থ বছর হতে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ২৪টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রে প্রত্যেক কোর্সে প্রশিক্ষণার্থীদেরকে যাকাত ভাতা প্রদান করা হয়েছে ২,৮৬,০৩,০০০/- টাকা এবং উপকারভোগীর সংখ্যা ৮৫৪০ জন
- (৩) সেলাই প্রশিক্ষণ কার্যক্রম (২৪টি কেন্দ্র) : এ কার্যক্রমের আওতায় ২৪টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দুঃস্থ মহিলাদের কর্মক্ষম করার ক্ষেত্রে সহায়তা প্রদান করা হচ্ছে। শুরু থেকে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ২৩,৯৬৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- (৪) সেলাই প্রশিক্ষণ সমাপ্তকারী দুঃস্থ মহিলাদের সেলাই মেশিন প্রদান : পুনর্বাসনের উদ্দেশ্যে প্রশিক্ষণ সমাপ্তকারী দুঃস্থ-অসহায় মহিলাদের সেলাই মেশিন বিতরণ কার্যক্রম চালু করা হয়েছে। ২০১০-১১ থেকে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ১,৪১,৩০,০০০/- টাকা ব্যয়ে ২১৪০ জনকে সেলাই মেশিন প্রদান করা হয়েছে।
- (৫) প্রতিবন্ধী পুনর্বাসন : প্রতিবন্ধীদের আর্থিক সহায়তার মাধ্যমে পুনর্বাসন কর্মসূচির আওতায় ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ৪২,০০,০০০/- টাকা এ পর্যন্ত ৮০০ জনকে পুনর্বাসনের লক্ষ্য সহায়তা করা হয়েছে।
- (৬) দুঃস্থ পুরুষদের কর্মসংস্থান কার্যক্রম : রিকসা/ভ্যানগাড়ী/ক্ষুদ্র ব্যবসায় পুঁজি প্রদানের নিমিত্ত জেলা যাকাত কমিটির মাধ্যমে দুঃস্থ পুরুষদের কর্মসংস্থানের জন্য ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ২,০২,৩৭,০০০/- টাকা ব্যয়ে ৩৫৪০ জনকে সহায়তা করা হয়েছে।
- (৭) যাকাত ভাতা : হাঁস-মুরগী, ছাগল-গরুর পালন, সেলাই মেশিন প্রদানের মাধ্যমে বিধবাসহ দুঃস্থদের সমাজ জীবনে পুনর্বাসনের নিমিত্ত ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ২,০৮,৯৮,০০০/- টাকা ব্যয়ে ৮৪০০ জনকে সহায়তা করা হয়েছে।
- (৮) শিক্ষাবৃত্তি প্রদান (ছাত্র/ছাত্রী) : দরিদ্র মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে শিক্ষাবৃত্তি প্রদানের মাধ্যমে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ১,৯১,৯৮,০০০/- টাকা ১৬,৭৭০ জনকে সহায়তা করা হয়েছে।
- (৯) নও-মুসলিম স্বাবলম্বীকরণ কার্যক্রম : দুঃস্থ নওমুসলিমদের আর্থিক সাহায্য সহযোগিতা দানের মাধ্যমে পুনর্বাসনের নিমিত্ত ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ৭৭,৪৩,০০০/- টাকা ১০৭০ জনকে সহায়তা করা হয়েছে।
- (১০) দুঃস্থ ও গরীব রোগীদের চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা কার্যক্রম : দুঃস্থ, অসহায় গরীব রোগীদের চিকিৎসা ব্যয় নির্বাহের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ১,৫৭,৭৩,০০০/- টাকা আর্থিক সহায়তার মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে ২৪৪০ জনকে।
- (১১) মজা/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের ত্রাণ ও পুনর্বাসন : প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের ত্রাণ ও পুনর্বাসনে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ২,৮৫,২৭,০০০/- টাকা ২৩৭৬০ জনকে সহায়তা প্রদান করা হয়েছে।
- (১২) এছাড়াও ইসলামিক ফাউন্ডেশনের ৬৪টি জেলা কার্যালয়ের মাধ্যমে এ যাবত সংগৃহীত টাকার ৭০% টাকা প্রতিবন্ধী পুনর্বাসন, দুঃস্থ পুরুষদের কর্মসংস্থান কার্যক্রম, যাকাত ভাতা, শিক্ষাবৃত্তি প্রদান, নও-মুসলিম স্বাবলম্বীকরণ কার্যক্রম এবং দুঃস্থ-গরীব রোগীদের চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা কার্যক্রম খাতে জেলা কার্যালয়ের মাধ্যমে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত ১২,০১,২৭,০০০/- টাকা ২২০৫০ জনকে প্রদান করা হয়েছে।

উল্লেখ্য, ২০১৯-২০ অর্থ বছরে ৫,১৮,১৬,৩০৪/- টাকা ৩৮,৮৭৪ জনকে প্রদান করা হয়েছে।

৩. (ক) রাষ্ট্রায়ত্ত্ব সকল সরকারি ও বেসরকারি ব্যাংকের যেকোন শাখায় “সরকারি যাকাত ফান্ড” শিরোনামে নির্ধারিত একাউন্ট নম্বরে যাকাতের অর্থ জমা নেয়া হয়।

(খ) রসিদ প্রদানের মাধ্যমে নগদে অথবা চেকে ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররমস্থ দপ্তরসহ আগারগাঁওস্থ যাকাত বোর্ড দপ্তরে এবং ৬৪ জেলা কার্যালয়ে যাকাতের অর্থ গ্রহণ করা হয়ে থাকে।

(গ) যাকাতের অর্থ সম্পূর্ণ আয়কর মুক্ত।

৬ ডিসেম্বর ২০২০

০৬/১২/২০২০
(ড. মোহাম্মদ হারুনুর রশীদ)
পরিচালক